

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
পবিস মানব সম্পদ পরিদপ্তর
সদর দপ্তর ভবন(৮ম-তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
#০২-৮৯০০৪৩৩
e-mail: dir.pbshr@gmail.com
web site: www.reb.gov.bd

স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫১.০১২.২৩. ১৪৫০

তারিখঃ ২২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ

“নোটিশ”


বিষয়ঃ পল্লী বিদ্যুৎ সমিতিসমূহে লাইন ক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক গৃহীতব্য পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের লাইন ক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ পরীক্ষা নিম্নবর্ণিত কেন্দ্রে নির্ধারিত তারিখ ও সময় সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

পদের নাম	পরীক্ষার ধরণ	পরীক্ষার তারিখ ও সময়	রোল রেঞ্জ	পরীক্ষার কেন্দ্র
লাইন ক্রু লেভেল-১ (চুক্তিভিত্তিক)	লিখিত (MCQ)	১৫/০৭/২০২৩ খ্রিঃ রোজ-শনিবার, বেলা ১০:০০ ঘটিকা	০০০০১-০৫০০০	Dhaka Commerce College Mirpur, Dhaka-1216
			০৫০০১-০৮০০০	Mirpur Girls' Ideal College Mirpur-10, Dhaka-1216
			০৮০০১-১০২১৫	Mirpur College, Mirpur-2, Dhaka-1216

বিঃদ্রঃ

- প্রার্থীদের অনুকূলে সমিতি কর্তৃক ডাকযোগে প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। প্রবেশপত্র না পেলে আগামী ১৩/০৭/২০২৩ খ্রি. তারিখ সকাল ০৯.০০ ঘটিকায় প্রার্থীদেরকে আবেদনকৃত স্ব স্ব পবিস হতে স্বশরীরে উপস্থিত হয়ে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ছাড়া কোন প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না। প্রবেশপত্রের ফটোকপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, ডিজিটাল ঘড়ি, ব্যাগ ও যে কোনো ধরনের ইলেকট্রনিক্স ডিভাইস আনা যাবে না।
- প্রার্থীদেরকে পর্যাপ্ত সময় হাতে নিয়ে পরীক্ষা কেন্দ্রের উদ্দেশ্যে রওনা হতে হবে। পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে প্রার্থীদেরকে নিজ নিজ আসন গ্রহণ করতে হবে।
- প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং মাস্ক পরিধান করতে হবে।
- পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন করলে কিংবা কর্তব্যরত শিক্ষক/শিক্ষিকাগণের সহিত অসদাচরণ করলে সংশ্লিষ্ট প্রার্থীর পরীক্ষা বাতিল করা হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।



(মোঃ আসিফ উদ্দৌলা)
পরিচালক

কার্যার্থে অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা
- ০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা → নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করতঃ ৩১/০৭/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবোর্ড, ঢাকা
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, সকল পবিস
- ০৫। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবোর্ড, ঢাকা

বিতরণঃ

- ০১। নোটিশ বোর্ড।


(মোঃ কামরুজ্জামান)
সহকারী পরিচালক